

PRINT

# সমকালে

## চবির ভর্তি পরীক্ষা এক আসনের জন্য লড়বেন ৩৪ জন

১১ ঘন্টা আগে

### চবি সংবাদদাতা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় এবার প্রতি আসনের বিপরীতে ৩৪ শিক্ষার্থী ভর্তিযুক্তে লড়বেন। গতবার এ সংখ্যা ছিল ২৮। এবার চার হাজার ৯২৬টি আসনের

জন্য আবেদন করেছেন এক

লাখ ৬৬ হাজার ৮৭০ জন। মঙ্গলবার রাতে সমকালকে এ তথ্য নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের পরিচালক ড. হানিফ সিদ্দিকী।

তিনি জানান, চারটি ইউনিট ও দুটি উপ-ইউনিটে চার হাজার ৯২৬ আসনের বিপরীতে এক লাখ ৬৬ হাজার ৮৭০ জন আবেদন করেছেন। সে হিসাবে প্রতি আসনের বিপরীতে ৩৪ জন

ভর্তিচ্ছুল লড়বেন।

'ক' ইউনিটে এক হাজার ২১৪টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৫২ হাজার ৭৮০ জন। এই ইউনিটে প্রতি আসনের জন্য লড়বেন ৪৩ জন। 'খ' ইউনিটে এক হাজার ২২১টি আসনে আবেদন করেছেন ৪২ হাজার চারজন। এই ইউনিটে প্রতি আসনের জন্য লড়বেন ৩৫ জন। 'গ' ইউনিটে ৪৪২টি আসনে ১৪ হাজার একজন আবেদন করেছেন। এই ইউনিটে প্রতি আসনে লড়বেন ৩২ জন। 'ঘ' ইউনিটে এক হাজার ১৫৭টি আসনের বিপরীতে ৫২ হাজার ৯১৭ জন আবেদন করেছেন। সম্মিলিত এ ইউনিটে

প্রতি আসনে ৪৬ জন লড়বেন।

উপ-ইউনিটের মধ্যে 'খ১' ইউনিটে ১২৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন এক হাজার ৯৪২ জন। এ উপ-

ইউনিটে প্রতি আসনে লড়বেন ১৬ জন। আর 'ঘু' উপ-ইউনিটে ৩০টি আসনে তিন হাজার ২২৬ জন আবেদন করেছেন। এ উপ-ইউনিটে প্রতি আসনে লড়বেন ১০৮ জন ভর্তিচ্ছু।

নির্ধারিত সূচি অনুযায়ী ২৭ অক্টোবর 'খ' ইউনিট, ২৮ অক্টোবর 'ঘ' ইউনিট, ২৯ অক্টোবর 'ক' ইউনিট, ৩০ অক্টোবর 'গ' ইউনিট এবং ৩১ অক্টোবর 'খু' ও 'ঘু' উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল :  
ad.samakalonline@outlook.com